

সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।  
সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।

প্রধান কার্যালয়, রাজশাহী  
ঋণ ও অগ্রিম বিভাগ-২

ফোন: ০২৪৭-৮৬০৫২৯  
Email: dgmlad2@rakub.org.bd  
Web : www.rakub.org.bd

ঋণ ও অগ্রিম বিভাগ-২ সার্কুলার লেটার নং-১/২০২২

তারিখ : ১১.০১.২০২২

সকল জোনাল ব্যবস্থাপক  
উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী  
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)  
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ১১.১১.২০২১ তারিখের পরিপত্র নং-০৪/২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ০৫.০১.২০২২ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১ এর পরিপ্রেক্ষিতে আলোচ্য পরিপত্রের ১২ (খ) নম্বর অনুচ্ছেদটি নিম্নরূপ ভাবে প্রতিস্থাপন করা হলো :

“২৫ হাজার টাকা ও তদুর্ধ্ব পরিমাণ ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে ব্যাংক নিজস্ব বিবেচনায় বর্ণিত স্কিমের আওতায় প্রদেয়/প্রদত্ত ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি স্কিমের সুবিধা গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে, ব্যাংক নিজস্ব উৎস হতে গ্যারান্টি ফি পরিশোধ করবে।”

০৩। আলোচ্য পরিপত্রের অন্যান্য সকল বিষয় অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ আব্দুস সালাম)

উপমহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

প্রকা/ঋণওঅবি-২/১১৪/২০২১-২০২২/৩৭৪(৪০২)/৫১

তারিখ : ১১.০১.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/নিহিআ) মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপমহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-কে সার্কুলার লেটারটি রাকাবের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের মাধ্যমে)।
- ১০। অফিস নথি/মহানথি।

(শাকিল মাহমুদ)

সহকারী মহাব্যবস্থাপক